# পাঁচ-বছরের প্রবেশ্যতা পরিকল্পনা (2024-2028) – নিউ ইয়র্ক সিটির 2023 সালের স্থানীয় আইন 12


NEW YORK CITY PUBLIC SCHOOLS

NYC PUBLIC SCHOOLS, SPACE MANAGEMENT | 131 Livingston Street, Rm 209, Brooklyn, NY 11201.


T-38861 Five Year Accessibility Plan (Bangla)

# বিষয়সূচি

**জেনারেল (সাধারণ)** ..... **2**

এজেন্সির উপরিচিত্র ও লক্ষ্য ..... 2

নির্বাহী সার-সংক্ষেপ ..... 3

**এজেন্সির পরিকল্পনা** ..... **5**

1) সশরীরে প্রবেশ্যতা ..... 5

I. অ্যাক্সেসিবিলিটি সাব-কমিটি ..... 7

II. স্কুল কনস্ট্রাকশন অথরিটি-এর সাথে অংশীদারত্ব ..... 8

III. ডিভিশন অভ স্কুল ফ্যাসিলিটিজ্-এর সাথে অংশীদারত্ব ..... 8

IV. ভবনে প্রবেশ্যতার পরিচিতি জরিপ ..... 8

2) ডিজিটাল প্রবেশ্যতা ..... 9

3) প্রোগ্রামেটিক অ্যাক্সেস (প্রোগ্রামসমর্থিত প্রবেশ্যতা) ..... 10

I. সহজ ভর্তি নীতি ..... 10

II. যৌক্তিক বিশেষ সুবিধাসমূহ ..... 11

III. ডিস্ট্রিক্ট 75 ..... 12

4) কার্যকর যোগাযোগ ..... 13

I. নীতি ও নির্দেশনা তৈরি ..... 13

II. প্রশিক্ষণ ..... 14

5) কাজের স্থান অন্তর্ভুক্তি ..... 14

পদ্ধতি (মেথোডলজি) ..... 16

পরিশিষ্ট A ..... 17

*চ্যান্সেলরের প্রবিধান A-830:* ..... *17*

পরিশিষ্ট B ..... 18

*ওয়েবসাইট-এর প্রবেশ্যতা সম্পর্কিত বিবৃতি* ..... *18*

পরিশিষ্ট C ..... 19

*চ্যান্সেলরের প্রবিধান A-710:* ..... *19*

পরিশিষ্ট D ..... 20

*চ্যান্সেলরের প্রবিধান A-101:* ..... *20*

## জেনারেল (সাধারণ)

2023 সালের স্থানীয় আইন 12 অনুযায়ী মেয়র্স অফিস ফর পিপল্ উইদ ডিসঅ্যাবিলিটিজ (মেয়রের প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিদের অফিস, MOPD)-এর সাথে আলোচনাক্রমে সকল নিউ ইয়র্ক সিটি এজেন্সির জন্য একটি পাঁচ-বছর মেয়াদি অ্যাক্সেসিবিলিটি প্ল্যান (প্রবেশ্যতা পরিকল্পনা) তৈরি ও বাস্তবায়ন বাধ্যতামূলক। পরিকল্পনায় অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে, কম করে হলেও, (1) এজেন্সিটির কর্মস্থল, পরিষেবাসমূহ, প্রোগ্রাম এবং কর্মকাণ্ড যাতে প্রবেশ্য হয় এবং প্রতিবন্ধিদের জন্য বিশেষ ব্যবস্থা থাকে, সেটা নিশ্চিত করার জন্য এজেন্সিটির গৃহীত বর্তমান এবং পরবর্তি পাঁচ বছরের পদক্ষেপসমূহ; এবং (2) প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিদের জন্য বস্তুগত, ডিজিটাল, এবং প্রোগ্রাম অনুযায়ী প্রবেশাধিকার উন্নত করার চলমান ও পরিকল্পিত প্রকল্পসমূহ সম্পর্কে তথ্য, এবং প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিদের জন্য কার্যকর যোগাযোগ, যেমন কোনো কাঠামোগত পরিবর্তন বা কাঠামোগত নতুনত্ব, প্রাযুক্তিক সরঞ্জাম বা উপকরণের হালনাগাদকরণ বা বিনিয়োগ, এবং তাদের প্রোগ্রাম বা পরিষেবা অধিকতর প্রবেশ্য করার জন্য, অন্য কোনো পদক্ষেপ যা এজেন্সিটি গ্রহণ করছে বা গ্রহণের পরিকল্পনা করছে, সেসব তথ্য।

## এজেন্সির উপরিচিত্র ও লক্ষ্য

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর লক্ষ্য হলো এটা নিশ্চিত করা যে, প্রতিটি শিক্ষার্থী ইতিবাচক পরিবর্তনের শক্তিতে বলীয়ান হয়ে ফলপ্রসূ পেশা এবং দীর্ঘমেয়াদী অর্থনৈতিক নিরাপত্তা আছে এমন একটি পথ-পরিক্রমায় গ্র্যাজুয়েট হবে। মোট 900,000 জন শিক্ষার্থী জনসংখ্যা নিয়ে, NYCPS হলো এ দেশের বৃহত্তম স্কুল ব্যবস্থা। শিক্ষার্থী-সাফল্য উন্নত করতে প্রয়োজন 1,800-এরও বেশি স্কুল ও প্রোগ্রামগুলোর আন্তঃএজেন্সি বিভাগ এবং দপ্তরগুলোর মধ্যে সহযোগিতা বৃদ্ধি করা। NYCPS-এর শিক্ষার্থীদের মধ্যে বিদ্যমান বৈচিত্র্যের কারণে একটি সামগ্রীক ওয়েব কাঠামো ও ব্যবস্থা তৈরি করা হয়েছে যাতে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীসহ সকল শিক্ষার্থীর চাহিদা যাচাই করা ও সহায়তা দেওয়া যায়।

NYCPS প্রবেশ্যতার বর্ধিত সুযোগ প্রদানের মাধ্যমে এবং তাদের চাহিদা ও অধিকারের প্রতি উচ্চ মাত্রায় সচেতনতা সৃষ্টি করে চেষ্টা করে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের সহায়তা দিতে। এজেন্সি সচেষ্ট থাকে এমন একটি সংস্কৃতি প্রতিষ্ঠার যা প্রবেশ্যতা আইনি বাধ্যবাধকতা বা নীতির সাথে সামঞ্জস্য বিধানের বিষয় ছাড়াও অধিক কিছু; এটা হলো মৌলিক মানবাধিকার। সবচেয়ে ঝুঁকিপূর্ণ শিক্ষার্থীদের সহায়তার জন্য যেসব কাজ করা হচ্ছে, সেগুলোর জন্য NYCPS গর্বিত এবং উদ্দীষ্ট লক্ষ্য পূরণে চলমান সাফল্য নিশ্চিত করায় প্রতিশ্রুতিবদ্ধ।

### অফিস অভ অ্যাক্সেসিবিলিটি প্ল্যানিং

অফিস অভ অ্যাক্সেসিবিলিটি প্ল্যানিং (প্রবেশ্যতা পরিকল্পনা অফিস, OAP) নিশ্চিত করে যে, NYCPS-এর সকল প্রোগ্রাম, পরিষেবা, এবং কর্মকাণ্ড সকল শিক্ষার্থী, স্টাফ, কমিউনিটি ও পরিবারের সবার কাছে প্রবেশ্য, সেটা প্রকৃত বা অনুমিত প্রতিবন্ধিতার কথা বিবেচনা ছাড়াই। NYCPS-এর সর্বত্র স্বল্পকালীন প্রবেশ্যতার বিশেষ ব্যবস্থা করতে এবং ভবন, প্রোগ্রাম, পরিষেবা, এবং কর্মকাণ্ডের

প্রবেশ্যতা বাড়াতে দীর্ঘমেয়াদী নির্মাণ প্রকল্পের ব্যবস্থা করতে অভ্যন্তরীন ও বহিরাগত, উভয় প্রকারের নানান অংশীদারদের সাথে OAP সহযোগিতামূলকভাবে কাজ করে। এর বাইরেও, OAP প্রবেশ্যতা নির্দেশনা নথি ও প্রশিক্ষণ কর্মসূচি তৈরি করে প্রবেশ্যতা সচেতনতা সম্প্রসারণ করতে সচেষ্ট থাকে। 2023 সালের নিউ ইয়র্ক সিটি লোকাল ল 12 অনুসারে এর অগ্রগতির প্রতিবেদন প্রস্তুত ও হালনাগাদ করার জন্য OAP দায়বদ্ধ।

স্পেস ম্যানেজমেন্ট (স্থান ব্যবস্থাপনা, SM)-এর অংশবিশেষ OAP, যা চ্যান্সেলরের কাছ থেকে NYCPS-এর সকল স্কুল ও প্রশাসনিক ভবনের স্থান ব্যবস্থাপনার জন্য দায়িত্বপ্রাপ্ত। SM চিফ এক্সিকিউটিভ টমাস টারাকো-এর নেতৃত্বে পরিচালিত যিনি NYCPS-এর ডিসঅ্যাবিলিটি সার্ভিস ফ্যাসিলিটেটর (প্রতিবন্ধিতাযুক্তদের পরিষেবা সংগঠক) হিসেবে কাজ করেন।

### Disability Service Facilitator

Thomas Taratko

Space Management

131 Livingston Street Rm. 209

Brooklyn, NY 11201

Phone Number: (718) 935-2959

Email: accessibility@schools.nyc.gov

## নির্বাহী সার-সংক্ষেপ

NYCPS এটি নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ যে, তাদের প্রোগ্রাম, সেবা, এবং কার্যক্রম স্টাফ, স্কুল কমিউনিটির সদস্য, শিক্ষার্থী, এবং পরিবারের সদস্যদের নিকট যেনো প্রবেশযোগ্য হয়। উপরন্তু, NYCPS তার স্কুল ও ভবনসমূহের প্রবেশ্যতা যাতে সকল ব্যক্তিগণ বুঝতে পারেন এবং যুক্তিসঙ্গত ব্যবস্থার অনুরোধ জানাতে পারেন, সেজন্য একটি স্বচ্ছ প্রক্রিয়া তৈরিতে সচেষ্ট থাকে।

যাতায়াতে এবং অন্যান্য ক্ষেত্রে শারীরিক সমস্যাযুক্ত শিক্ষার্থীদের জন্য তাদের বিশাল বিস্তৃত প্রোগ্রামসমূহে প্রবেশ্যতা বাড়ানর জন্য, NYCPS অব্যাহতভাবে NYCPS স্কুল ও প্রশাসনিক ভবনসমূহে হালনাগাদকরণ করছে। সাধারণ প্রবেশ্যতা সংস্কারের অন্তর্ভুক্ত আছে পার্টিশন ও দরজাগুলো প্রসারিত করা, জনসমাবেশের স্থানকে উন্নত করা, প্রবেশ্য বাথরুমের তৈরি করা, এবং হুইলচেয়ারবাহী লিফট, রেম্প ও স্বয়ংক্রিয় দরজা সংস্থাপন করা। পূর্ণ-মাত্রায় সংস্কারের অন্তর্ভুক্ত আছে প্রবেশযোগ্য প্রবেশপথ, রেম্প, এবং উঠা-নামার ব্যবস্থা,, যার অন্তর্ভুক্ত আছে এলিভেটর, এস্কেলেটর এবং মেকানিকেল লিফট, ইত্যাদি বিভিন্ন বৈশিষ্ট যুক্ত করে, অপ্রবেশ্য ভবনগুলিকে পূর্ণরূপে প্রবেশ্য করা।

ঐতিহাসিকভাবে কম পরিষেবাপ্রাপ্ত ডিস্ট্রিক্টগুলোতে অগ্রাধিকার দিয়ে পরবর্তী পাঁচ বছর NYCPS প্রবেশ্যতার অবিচল প্রতিশ্রুতির জন্য উল্লেখযোগ্য লগ্নি করা অব্যাহত রাখবে। পরবর্তী পাঁচ বছর NYCPS-এর অগ্রাধিকারের অন্তর্ভুক্ত হবে:

- বিদ্যমান ভবনগুলোতে আমাদের সকল শিক্ষার্থীর জন্য সকল বিশেষায়িত শিক্ষানির্দেশনা প্রোগ্রামে (ডিস্ট্রিক্ট 75 এবং ক্যারিয়ার অ্যান্ড টেকনিক্যাল এডুকেশন (CTE)-সহ) কাঠামোগত উন্নয়নের মাধ্যমে, যার মাঝে অন্তর্ভুক্ত আছে এলিভেটর সংযোজন, অ্যাক্সেস রেম্প তৈরি, টয়লেট নির্মাণ, এবং প্রয়োজনকালে দরজার কলকব্জা উন্নয়ন করে প্রবেশযোগ্যতা বৃদ্ধি করা।
- নতুন পূর্ণ প্রবেশযোগ্য ভবন নির্মাণ করা যাতে শিক্ষার্থী ও স্টাফদের জন্য বিকল্প সুযোগ বৃদ্ধি করা যায়।
- সকল মাধ্যমিক ভবনের (যেমন বর্ধিত ভবন বা অস্থায়ী ক্লাসরুম ভবন) অবস্থা মূল্যায়ন করা এবং প্রবেশ্যতা বৃদ্ধির কৌশল নির্ণয়ের জন্য জরিপ করা।
- সকল স্কুল ভবনে ক্যামেরা এবং দরজা দূর থেকে খোলার সুবিধাসহ তালাচাবির ব্যবস্থা সংযোজন করা।
- প্রাসঙ্গিকতাযুক্ত সকল ব্যক্তির জন্য সিটি-ভিত্তিক প্রশিক্ষণ উদ্যোগ বৃদ্ধি করা যাতে প্রতিবন্ধিতা ও প্রবেশযোগ্যতা সম্পর্কে সচেতনতা বাড়ানো যায় ও অন্তর্ভুক্তি লালন করা যায়।
- যুক্তিসঙ্গত বিশেষ ব্যবস্থার অনুরোধে সাড়াদান খোঁজ রাখার প্রক্রিয়া উন্নত করা।

## বৈষম্যহীনতার নীতি এবং বৈষম্যকরণের জন্য অভ্যন্তরীণ অভিযোগ দায়ের করার প্রক্রিয়াসমূহ

NYCPS-এর নীতি হচ্ছে, সকলকে প্রযোজ্য আইন ও প্রবিধানের সাথে সামঞ্জস্যতা বজায় রেখে এবং প্রকৃত বা ধারণাকৃত জাতি, বর্ণ, ধর্ম, কৃষ্টি, জাতিগত পরিচয়, রাষ্ট্রিক পরিচয়, অভিবাসনগত অবস্থা, নাগরিকত্বের অবস্থা, বয়স, বৈবাহিক অবস্থা, অংশিতার অবস্থা, প্রতিবন্ধিতা, লৈঙ্গিক পছন্দ, লিঙ্গ, উচ্চতা, ওজন, সামরিক বাহিনীতে অন্তর্ভুক্তি সংক্রান্ত অবস্থা, বেকারত্বের অবস্থা, পূর্বে গ্রেফতার বা দণ্ডপ্রাপ্তির রেকর্ড, প্রযত্ন প্রদানকারী অবস্থা, কনসিউমার ক্রেডিট হিস্টরি, পূর্ব-অনুরাগী জেনেটিক বৈশিষ্ট্যসমূহ, বেতন প্রাপ্তির ইতিহাস, যৌন অথবা প্রজনন স্বাস্থ্য সংক্রান্ত সিদ্ধান্ত, অথবা গৃহ নির্যাতন, যৌন আক্রমণ, বা ওঁত পেতে অনুসরণের ভুক্তভোগী হিসেবে স্ট্যাটাস বিবেচনায় না নিয়ে চাকরিতে সমান সুযোগ প্রদান করা এবং যৌন হয়রানি ও প্রতিশোধসহ উপরিল্লিখিত যে কোনো সংরক্ষিত শ্রেণীর ক্ষেত্রে একটি হয়রানি মুক্ত পরিবেশ বজায় রাখা।

প্রযোজ্য আইন এবং প্রবিধান অনুযায়ী NYCPS-এর নীতি হচ্ছে প্রকৃত অথবা ধারণাকৃত জাতি, বর্ণ, ধর্ম, বয়স, কৃষ্টি, সম্প্রদায়, জাতিগত পরিচয়, অভিবাসনগত অবস্থা, নাগরিকত্বের অবস্থা, প্রতিবন্ধিতা, লৈঙ্গিক পছন্দ, লিঙ্গ (এতে অন্তর্ভুক্ত প্রকৃত অথবা ধারণাকৃত লৈঙ্গিক পরিচিতি, লৈঙ্গিক অভিব্যক্তি, গর্ভাবস্থা বা সন্তান প্রসব সম্পর্কিত গর্ভাবস্থা/অবস্থাসমূহ), অথবা ওজন সম্পর্কিত উপরিলিখিত সুরক্ষিত শ্রেণি বিন্যাসের ভিত্তিতে বৈষম্য না করে সম শিক্ষা সুযোগ প্রদানসহ যৌন হয়রানি বা প্রতিশোধসহ যেকোনো প্রকার হয়রানী মুক্ত পরিবেশ বজায় রাখা।

চ্যান্সেলরের প্রবিধান A-830 কর্মচারী, শিক্ষার্থী, শিক্ষার্থীর পিতামাতা, এবং অন্যান্য যারা NYCPS-এর সঙ্গে ব্যবসা করেন, NYCPS-এর ফ্যাসিলিটি (ভবন ইত্যাদি) ব্যবহার করেন অথবা অন্য কোনভাবে NYCPS-এর সঙ্গে সম্পৃক্ত হোন, তারা প্রতিবন্ধিতাযুক্তদের সাথে বৈষম্যসহ বেআইনি বৈষম্যের বিরুদ্ধে অভিযোগ, NYCPS-এর কর্মী অথবা NYCPS-তে চাকুরিরত নয় কিন্তু NYCPS-এর কর্মী

বা শিক্ষার্থীর সাথে কাজ করেন তাদের দ্বারা হয়রানীর অভিযোগ, অথবা সেধরনের অভিযোগের প্রেক্ষিতে প্রতিশোধের বিরুদ্ধে অভিযোগ করার পদ্ধতি বর্ণনা করে। (পরিশিষ্ট A চ্যান্সেলরের প্রবিধান A-830 দেখুন।)

## এজেন্সির পরিকল্পনা

### 1) সশরীরে প্রবেশ্যতা

32 টি ডিস্ট্রিক্ট জুড়ে 1225 টিরও অধিক প্রাইমারি ভবনকে (আনুষঙ্গিক সাইটগুলো ব্যতীত) NYCPS তদারক করে। 1850 সালে নির্মিত সবচেয়ে পুরনো ভবনসহ, NYCPS-এর রয়েছে বিভিন্ন ধরনের প্রবেশ্যতার স্তরযুক্ত বিভিন্ন বয়সের ভবন। কিছু কিছু স্কুল ভবনে প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিদের প্রবেশে কোনো প্রতিবন্ধকতা নেই, কিন্তু কিছু কিছু ভবনে হয়তো প্রতিবন্ধকতা থাকতেও পারে, তবে চলাচলে সমস্যাগ্রস্থ ব্যক্তিরা ভবনে ঢুকতে ও বেরোতে পারেন এবং সংশ্লিষ্ট প্রোগ্রামে অংশ নিতে ও কমপক্ষে একটি বাথরুম ব্যবহার করার সুযোগ পেতে পারেন। অন্যান্য স্কুল ভবনগুলোতে প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিদের জন্য প্রবেশ্যতার সুবিধা যুক্ত নেই।

স্কুল ভবনগুলোর চলমান উন্নয়নে তাদের প্রচেষ্টায় সহায়তা দেওয়ার জন্য NYCPS মূলধনী পরিকল্পনার উপর অতিমাত্রায় নির্ভর করে, যেগুলো হলো সিটি ও স্টেটের কর্মকর্তাদের বরাদ্দ দেওয়া পাঁচ বছর জুড়ে ক্রমবর্ধমানভিত্তিক অর্থায়নের ধারা।

2015-2019 অর্থ বছরের মূলধনী পরিকল্পনাকালে NYCPS স্কুলগুলোর প্রবেশযোগ্যতা উন্নয়নের জন্য আলাদাভাবে চিহ্নিত করা $150 মিলিয়ন ডলার বরাদ্দ পেয়েছে। এই অর্থায়ন উচ্চ চাহিদার ডিস্ট্রিক্টগুলোকে প্রাধান্য দিয়ে বিদ্যমান ভবনগুলোর প্রবেশ্যতা উন্নত করতে কাঠামোগত উন্নয়ন করার জন্য ব্যবহার করা হয়েছিল। এই অর্থায়ন দিয়ে NYCPS নিম্নলিখিত 27 মূলধনী প্রকল্প গ্রহণ করেছে:

- 9 টি প্রকল্প বাছাই করা হয়েছিল অপ্রবেশ্য ভবনগুলোকে পূর্ণাঙ্গ প্রবেশ্য করতে।
- 3 টি প্রকল্প বাছাই করা হয়েছিল অপ্রবেশ্য ভবনগুলোকে আংশিক প্রবেশ্য করতে।
- 5 টি প্রকল্প বাছাই করা হয়েছিল আংশিক প্রবেশ্য ভবনগুলোকে পূর্ণাঙ্গ প্রবেশ্য করতে।
- 10 টি প্রকল্প বাছাই করা হয়েছিল আংশিক প্রবেশ্য ভবনসমূহের প্রবেশ্যতা উন্নত করতে।

2020-2024 অর্থ বছরের মূলধনী পরিকল্পনাকালে NYCPS স্কুল প্রবেশযোগ্যতা উন্নয়নের জন্য $750 মিলিয়ন ডলার বরাদ্দ পেয়েছে। এই বরাদ্দ দিয়ে 54 টি প্রকল্প বাছাই করা হয়েছিল; সবগুলো নির্মাণের বিভিন্ন পর্যায়ে রয়েছে। এসব 54 টিমূলধনী প্রকল্পের মধ্যে:

- 44 টি প্রকল্প বাছাই করা হয়েছিল অপ্রবেশ্য ভবনগুলোকে পূর্ণাঙ্গ প্রবেশ্য করতে।
- 10 টি প্রকল্প বাছাই করা হয়েছিল আংশিক প্রবেশ্য ভবনগুলোকে পূর্ণাঙ্গ প্রবেশ্য করতে।


2020-2024 মূলধনী পরিকল্পনার অর্থায়নে NYCPS সাফল্যের সাথে নিম্নলিখিত লক্ষ্যমাত্রাগুলো অর্জন করেছে:

- প্রতিটি স্কুল ডিস্ট্রিক্ট-এর যেসব এলেমেন্টারি গ্রেড রয়েছে, সকল প্রাথমিক ভবনের 50% মূলধনী প্রকল্প বাছাই grades সম্পন্ন করার পর আংশিক বা পূর্ণাঙ্গরূপে প্রবেশযোগ্য হবে।
- বড় ধরনের নির্মাণ কাজ পরিকল্পনা প্রকল্পগুলো এটা নিশ্চিত করার জন্য বাছাই করা, যাতে সম্পন্ন হওয়ার পর প্রতিটি স্কুল ডিস্ট্রিক্ট-এর প্রাথমিক ভবনগুলোর 33% থেকে 40% স্কুল পূর্ণ প্রবেশ্য হয়।

মূলধনী অর্থায়ন ও অন্যান্য উৎস থকে প্রাপ্ত সহায়সঙ্গতি ব্যবহার করে OAP গৃহীত উদ্যোগগুলো NYCPS জুড়ে পূর্ণ প্রবেশ্য ভবনের অনুপাত উল্লেখযোগ্য হারে বৃদ্ধি করেছে। 2016-2017 এবং 2023-2024 শিক্ষা বছরগুলোর মধ্যে:

- সকল স্কুল ডিস্ট্রিক্ট জুড়ে পূর্ণ প্রবেশ্য ভবনের শতকরা হার 13% থেকে 33%-এ উন্নীত হয়েছে।
- সকল স্কুল ডিস্ট্রিক্ট জুড়ে আংশিক প্রবেশ্য ভবনের শতকরা হার 35% থেকে 30%-এ নেমে এসেছে।
- সকল স্কুল ডিস্ট্রিক্ট জুড়ে অ-প্রবেশ্য ভবনের শতকরা হার 52% থেকে 38%-এ নেমে এসেছে।

এই গুরুত্বহ সংস্কার NYCPS প্রাথমিক ভবনগুলোর প্রবেশ্যতার স্তরে যে ভূমিকা রেখেছে, সেটা নিচের গ্রাফটিতে দেখা যাচ্ছে।




এটা প্রত্যাশিত যে, 2025-2029 বছরগুলোর পরবর্তী মূলধনী পরিকল্পনায় প্রবেশ্যতার মূলধনী প্রকল্পগুলোর জন্য $800 মিলিয়ন ডলার বরাদ্দ হবে । এ পররিমাণ অর্থ 2020-2024 সালের মূলধনী পরিকল্পনার $750 মিলিয়ন ডলার বরাদ্দের চাইতে $50 মিলিয়ন ডলার বেশি। বাড়তি বরাদ্দের উপর ভিত্তি করে OAP পরবর্তী পাঁচ বছর জুড়ে আনুমানিক 50-75টি বাড়তি মূলধনী প্রকল্প চালুর প্রত্যাশা করছে।

## *I. অ্যাক্সেসিবিলিটি সাব-কমিটি*

মূলধনী পরিকল্পনার দ্বারা অর্থায়িত প্রবেশ্যতাবিষয়ক সংস্কার প্রকল্পগুলোর জন্য অনুমোদিত ভবনগুলোকে বাছাই করতে অ্যাক্সেসিবিলিটি সাব-কমিটি (প্রবেশ্যতা উপ-পরিষদ, ASC)) একটি বহু-ক্রিয়াশীল কমিটি, পর্যায়ক্রমে সম্ভাবনাময় সাইটগুলো বিশ্লেষণের জন্য মিলিত হয়। ASC তৈরি করা হয়েছিল 2015 সালে দক্ষ, ন্যায়সঙ্গত এবং স্বচ্ছ প্রবেশ্যতা প্রকল্প বাছাই নিশ্চত করার লক্ষ্যে। বহু NYCPS অফিস, যেমন SM, ডিভিশন অভ স্কুল ফ্যাসিলিটিজ্ (DSF), স্পেশাল এডুকেশন অফিস (SEO), এবং অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট (OSE), পাশাপাশি NYCPS স্কুল নির্মাণ ও আধুনিকায়নের জন্য নিবেদিত অংশীদার নিউ ইয়র্ক সিটি স্কুল কনস্ট্রাকশন অথরিটি (SCA) ASC মিটিংসমূহে অংশগ্রহণ করে। স্কুল ভবনগুলোতে প্রবেশ্যতা বিষয়ক সকল সমস্যায় NYCPS কৌশলগত পরিকল্পনা নিয়ে আলোচনার জন্য ASC একটি অন্তর্ভুক্তিমূলক পরিবেশ প্রদান করে এবং মূলধনী প্রকল্প দ্বারা অর্থায়িত প্রস্তাবিত প্রবেশ্যতা প্রকল্পের অনুমোদনের জন্য ভোট প্রদান করে।

একটি প্রবেশ্যতা প্রকল্প মূলধনী পরিকল্পনা হিসেবে বাস্তবায়ন করা হবে কি না, সেটা নির্ধারণ করতে একাধিক মানদণ্ড বিশ্লেষণ করা হয়। সেসব মানদণ্ডের মধ্যে নিম্নলিখিতগুলো আছে, তবে তা এগুলোতে সীমাবদ্ধ নয়:

- যেসব ভৌগলিক ডিস্ট্রিক্টগুলো নিম্নতম শতকরা প্রবেশ্য স্কুল ভবন আছে বলে প্রদর্শন করছে, সেসব নির্দিষ্ট ডিস্ট্রিক্ট-এর চাহিদা অগ্রগণ্য;
- শিক্ষার্থী জনগোষ্ঠী (শিক্ষার্থী সংখ্যা ও গ্রেড স্তর);
- শিক্ষার্থীদের যাতায়াতকাল কমানোর প্রতি মনোনিবেশ করে প্রবেশযোগ্য স্কুলসমূহের সার্বিক অবস্থান;
- ডিস্ট্রিক্ট 75 স্কুলসমূহের বিদ্যমানতা;
- বিশেষায়িত প্রোগ্রামের প্রাপ্যতা (যেমন CTE); এবং
- বিশেষায়িত সাইট-এর ব্যবহার (যেমন আশ্রয়কেন্দ্র পরিচালনা, ভোট কেন্দ্র, এবং উন্মুক্ত অনুষ্ঠানসমূহ)।

প্রবেশ্যতা উন্নীতকরণ প্রকল্পের জন্য সম্ভাবনাময় হিসেবে বাছাইয়ের জন্য ভবনসমূহের একটি শনাক্তকারী তালিকা চিহ্নিত করতে মূলধনী পরিকল্পনার পরিকল্পনা প্রস্তুতিপর্বে OAP উপরে বিবৃত মানদণ্ড সংশ্লিষ্ট করে পূর্বাভাস প্রদানকারী উপকরণ ব্যবহার করে। মূল্য প্রাক্কলন ও সার্বিক সম্ভাব্যতা নির্ণয়ের জন্য এসব প্রকল্প নির্মাণকাজের অংশীদারদের দ্বারা যাচাইকৃত। এই গণ্ডির মধ্যে বিদ্যমান সম্ভাব্য প্রকল্পগুলোকে ASC-এর কাছে চূড়ান্ত ভোটের জন্য উপস্থাপন করা হয়। অনুমোদিত প্রকল্পগুলোর জন্য প্রাক্কলিত ব্যয় অবিলম্বে সক্রিয় মূলধনী পরিকল্পনা থেকে চিহ্নিত করা হয় এবং ধারাবাহিক নির্মাণ প্রকল্পগুলোতে সেটি প্রবেশ করে।

## *II. স্কুল কনস্ট্রাকশন অথরিটি-এর সাথে অংশীদারত্ব*

SCA একটি স্টেট এজেন্সি যা সকল নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর নির্মাণ ও সংস্কার কাজের জন্য দায়বদ্ধ।

নতুন নির্মাণ বা সংস্কার প্রকল্পসমূহ অনুমোদনের পর SCA সেগুলো সম্পন্ন হওয়া পর্যন্ত দায়বদ্ধ থাকে। SCA মানসম্মত নির্মাণ পদ্ধতি অনুসরণ করে যার অন্তর্ভুক্ত আছে পরিসর, ডিজাইন, দরপত্র, এবং নির্মাণ কাজের ধাপসমূহ। সূচনা থেকে নির্মাণ সম্পন্ন পর্যন্ত এসব প্রকল্পের সময়রেখা, সাধারণত আনুমানিক তিন একে পাঁচ বছর পর্যন্ত হবে বলে প্রত্যাশিত হয়।

OAP প্রতি ছয় মাসে SCA কর্তৃক প্রকাশিত ভবন সম্পন্ন হওয়ার প্রতিবেদন লাভ করে, যেটা নতুন নির্মাণ প্রকল্প নজরদারিতে ব্যবহৃত হয়। সকল নতুন নির্মাণ প্রকল্প সম্পন্ন হওয়ার পরে OAP নিচে যেভাবে দেওয়া আছে, সে অনুযায়ী জরিপ এবং ভবনে প্রবেশগম্যতা পরিচিতি তৈরি করবে।

## *III. ডিভিশন অভ স্কুল ফ্যাসিলিটিজ্-এর সাথে অংশীদারত্ব*

NYCPS-এর ব্যবস্থাপনায় থাকা ভবনগুলোকে DSF রক্ষণাবেক্ষণ ও মেরামতি করে। DSF পাঁচ বরো জুড়ে 1,300টি সাইটের তদারকি করি। DSF-এর স্টাফগণ পরিচ্ছন্নতা, আবর্জনা অপসারণ, তাপ, শীতাতপ নিয়ন্ত্রণ, পানির লাইন, কাঠমিস্ত্রির কাজ, রঙমিস্ত্রির কাজ, ছোটোখাটো মেরামতি, বাথরুম আধুনিকায়ন এবং পরিবেশগত সুরক্ষার জন্য দায়বদ্ধ।

চলমান রক্ষণাবেক্ষণ ও প্রয়োজনীয় মানউন্নয়নের জন্য DSF হাতে ধরার খাড়া খাম্বা (বার) ও দেয়াল-সংযুক্ত চেঞ্জিং টেবল-এর মতো সীমিত পরিসরের প্রবেশ্যযোগ্যতা বিষয়ক প্রকল্প সম্পন্ন করে, প্রবেশ্যতার ক্ষেত্রগুলোতে সহায়তা দেয়। এছাড়াও DSF প্রতিবন্ধিদের নাগালের মধ্যে পানির বোতল রিফিল করার পানির কল,  ক্লাসরুমের নাম ও নম্বরের জন্য ব্রেইল ব্যবহার, প্রবেশ্য দরজার জন্য ক্যামেরা ও দূর থেকে দরজা খোলার প্রযুক্তি সংস্থাপনের, হুইলচেয়ারের জন্য ঢালপথ ও লিফট সংস্থাপনের মতো প্রবেশ্য স্কুল আধুনিকায়ন প্রকল্পে সহায়তা দেয়।

পরবর্তী পাঁচ বছর জুড়ে এসব সীমিত পরিসরের ও আধুনিকায়ন প্রকল্পগুলোর মাধ্যমে DSF স্কুলগুলোতে প্রবেশ্যতা উন্নয়ন অব্যাহত রাখবে বলে প্রত্যাশিত।

## *IV. ভবনে প্রবেশ্যতার পরিচিতি জরিপ*

ভবনসমূহের প্রবেশ্যতা পরিচিতি (BAP) প্রস্তুত করার জন্য 2016 সাল থেকে OAP পুরো 32টি ডিস্ট্রিক্ট-এর 900টিরও অধিক ভবন জরিপের মাধ্যমে সক্রিয়ভাবে স্কুল ভবনগুলোর অবস্থার মূল্যায়ন করে আসছে।  BAP জরিপ প্রক্রিয়ার অংশ হিসেবে OAP অ্যাক্সেসিবিলিটি কোঅর্ডিনেটরগণ স্কুল ভবন পরিদর্শন করেন যাতে উপাত্ত (ড্যাটা) সংগ্রহ করা যায় এবং 1 থেকে 10 (10 প্রবেশ্যতার সর্বোচ্চ স্তর ধরে) পর্যন্ত মান বণ্টন করেন। পিতামাতাদেরকে জেনেশুনে স্কুল বাছাই করা ও এনরোল করার অনুরোধ জানাতে সহায়তা দিতে, আলাদাভাবে ভবনগুলোর প্রবেশ্যতা সম্পর্কে বিশদ তথ্য প্রদানের জন্য BAP উন্মুক্ত স্থানে পোস্ট করা হয়,

এবং BAP মান পর্যায়ক্রমে হালনাগাদ করা হয় যাতে উন্নীতকরণ ও নতুন নির্মাণ প্রতিফলিত হয়। এছাড়াও OAP প্রবেশ্যতা প্রকল্পগুলোর মধ্য দিয়ে কৌশলগত বরাদ্দ পরিকল্পনার জন্য BAPS-এর উপর নির্ভর করে।

OAP বিদ্যমান ভবনগুলোতে সম্পন্নকৃত প্রবেশ্যতা উন্নয়ন এবং নতুন নির্মাণ সাইটগুলো জরিপ করে NYCPS ভবন পরিচিতিতে যুক্ত করে ক্যাটালগে অন্তর্ভুক্তি অনুসারে, তার BAP ড্যাটাবেজ বর্ধিত করা অব্যাহত রাখবে। তারা জরিপ উদ্যোগও অব্যাহত রাখবে যাতে বিদ্যমান ড্যাটার যথার্থতা যাচাই করা যায় যেটি আনুষঙ্গিক ভবন জরিপও অন্তর্ভুক্ত হবে। পরিবর্তী পাঁচ বছর জুড়ে OAP কমপক্ষে বাৎসরিক আরও 200টি ভবন জরিপ করবে বলে প্রত্যাশিত।

## 2) ডিজিটাল প্রবেশ্যতা

NYCPS-এর ওয়েবসাইটগুলোতে ইলেক্ট্রনিক ও তথ্য-প্রযুক্তির মাধ্যমে প্রদানসহ NYCPS-এর সকল প্রোগ্রাম ও পরিষেবাগুলোতে প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিদের পূর্ণাঙ্গ অংশগ্রহণের জন্য ডিজিটাল প্রবেশ্যতা আবশ্যিক। NYCPS তার সকল বিষয়বস্তু, তথ্য ও সহায়সঙ্গতি ডিজিটাল আকারে প্রবেশ্যতা উন্নয়ন অব্যাহত রাখবে।

NYCPS এটা নিশ্চিত করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ যে, তাদের ডিজিটাল বিষয়বস্তু প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিদের জন্য প্রবেশ্য এবং প্রাসঙ্গিক প্রবেশ্যতার মান প্রয়োগ করে অব্যাহতভাবে সবার জন্য ব্যবহারকারী অভিজ্ঞতা সমৃদ্ধ করা হচ্ছে। NYCPS ওয়েবসাইটের প্রবেশ্যতা বিষয়ক বিবৃতি পাওয়া যাবে NYCPS-এর ওয়েবসাইটে। (পরিশিষ্ট B, ওয়েবসাইট প্রবেশ্যতার বিবৃতি দেখুন)।

NYCPS প্রবেশ্য ওয়েবসাইট তৈরি ও রক্ষণাবেক্ষণের জন্য তার স্টাফ ও ভেন্ডরদের জন্য নিয়মনীতি তৈরি করেছে। NYCPS তার কেন্দ্রীয় schools.nyc.gov এবং infohub.nyced.org ওয়েবসাইটগুলোতে ডিজিটাল প্রবেশ্যতা আরও উন্নত করার প্রক্রিয়াতে আছে। এসব ওয়েবসাইট 'ওয়েব কন্টেন্ট অ্যাক্সেসিবিলিটি গাইডলাইন্স' (WCAG) 2.1 AA-এর সাথে খুব ভালভাবে সামঞ্জস্যপূর্ণ এবং NYCPS এসব মান-এর সাথে সামঞ্জস্যবিধান থাকার পরিমাপ করা অব্যাহত রাখবে।

স্টাফদের ডিজিটাল সামঞ্জস্যবিধান প্রচেষ্টার বিষয়ে তাদের ভূমিকায় ক্ষমতায়িত করতে NYCPS কর্মকর্তাদের ওয়েবসাইটে প্রবেশ্যতা প্রশিক্ষণ প্রদান করবে। NYCPS স্টাফদেরকে তিন ধরনের সার্টিফিকেশনসহ চাহিদা-ভিত্তিক ডিজিটাল প্রবেশ্যতা কোর্সের সুযোগ দেয়: ডিজিটাল অ্যাক্সেসিবিলিটি বেসিকস্ ফর ওয়েবমাস্টার্স, এবং ডিজিটাল অ্যাক্সেসিবিলিটি ফর ভিডিও ক্রিয়েটর্স। NYCPS ওয়েবসাইটগুলোর অনুমোদিত কন্টেন্ট ক্রিয়েটরদের জন্য সার্টিফিকেশন আবশ্যিক।

বিষয়বস্তু (কন্টেন্ট) প্রদারকারীদের আরও সহায়তাদানের জন্য NYCPS অ্যাডোবি ক্রিয়েটিভ সুইট-এর একটি এন্টারপ্রাইজ লাইসেন্স নিয়েছে যা সকল স্টাফদেরকে প্রবেশযোগ্য PDF এবং পূরণযোগ্য ফর্মসমূহ তৈরির সক্ষমতা দেয়। তদুপরি, অফিস অভ কমিউনিকেশন্স NYCPS ওয়েবসাইটসমূহে পোস্ট করার জন্য ডিজিটাল বিষয়বস্তু প্রবেশ্যতার মান পূরণ করছে, সেটা নিশ্চিত করার জন্য বাড়তি সহায়তা ও মতামত দিয়ে একটি অভ্যন্তরীণ সহায়সঙ্গতি হিসেবে কাজ করে।

পরবর্তী পাঁচ বছরে NYCPS বিভিন্ন ডিভিশনের মিশ্রিত ওয়ার্কিং গ্রুপ অধিবেশন চালু করবে যাতে নিশ্চিত করা যায় যে সকল এজেন্সির জনমুখী ওয়েবসাইট ও যোগাযোগের উপকরণগুলো পরিবর্তনশীল ডিজিটাল প্রবেশ্যতার মান পূরণ করে, এবং ডিজিটাল প্রবেশ্যতা নির্দেশনা ও প্রশিক্ষণ উপকরণ ঘিরে হালনাগাদকৃত হয় ও সকল NYCPS স্টাফের জন্য লভ্য থাকে।

### 3) প্রোগ্রামেটিক অ্যাক্সেস (প্রোগ্রামসমর্থিত প্রবেশ্যতা)

NYCPS-এর একটি প্রাথমিক লক্ষ্য হলো প্রতিবন্ধকতা হ্রাস করা ও প্রয়োজনীয় উপকর জোগান দেওয়া যাতে নিশ্চিত করা যায় যে, প্রতিবন্ধিতাযুক্তসহ সকল শিক্ষার্থীর নিজ নিজ শিক্ষানির্দেশনা প্রোগ্রামে প্রবেশযোগ্যতা রয়েছে। সকল শিক্ষার্থীর প্রোগ্রাম প্রবেশ্যতা যাতে নিশ্চিত করা যায়, সেজন্য NYCPS বিভিন্ন নীতি, বিশেষ ব্যবস্থার জন্য অনুরোধ জানানর প্রক্রিয়া, এবং বিশেষায়িত সহায়তা কাঠামোর সুযোগ রেখেছে।

1973 সালের রিহ্যাবিলিটেশন অ্যাক্ট (পুনর্বাসন আইন)-এর সেকশন 504 এবং NYCPS-এর নীতি অনুসারে, অন্য সব যোগ্যতা আছে কিন্তু প্রতিবন্ধী এমন কাউকে কেবলমাত্র তার প্রতিবন্ধিতার কারণে NYCPS পৃষ্টপোষিত কোন কর্মসূচি বা কর্মকাণ্ডে অংশগ্রহণ থেকে বাদ দেয়া বা বিরত রাখা, সুবিধাবঞ্চিত করা বা বৈষম্য করা যাবে না।

চ্যান্সেলরের প্রবিধান A-710 (সেকশন 504-এর নীতি ও শিক্ষার্থীদের জন্য প্রক্রিয়া) NYCPS স্কুল ও প্রোগ্রামে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের যারা সেকশন 504-এ প্রদত্ত সংজ্ঞা অনুযায়ী যোগ্যতাসম্পন্ন প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী এবং যাদের NYCPS প্রোগ্রাম ও কর্মকাণ্ডে অংশগ্রহণের জন্য বিশেষ ব্যবস্থার প্রয়োজন আছে, তাদের জন্য NYCPS-এর নীতি ও প্রক্রিয়া নির্ধারণ করে। (পরিশিষ্ট C চ্যান্সেলরের প্রবিধান A-710 দেখুন।)

504 বিশেষ ব্যবস্থা সম্পর্কিত বাড়তি তথ্য NYCPS ওয়েবসাইটে পাওয়া যাবে।

## *I. সহজ ভর্তি নীতি*

নিউ ইয়র্ক সিটির পাঁচটি বরো জুড়ে 32টি স্কুল ডিস্ট্রিক্ট রয়েছে। 3-K, প্রি- কিন্ডারগার্টেন, কিন্ডারগার্টেন, এবং মিডল্ স্কুল অ্যাডমিশন তথা ভর্তির ক্ষেত্রে, আপনার সন্তান যেখানে বসবাস করে সেই ডিস্ট্রিক্টের স্কুলগুলোতে অংশগ্রহণে অগ্রাধিকার থাকতে পারে, এতে অন্তর্ভুক্ত তাদের জোনভুক্ত স্কুল। জোনভুক্ত স্কুলগুলো সেসব আবেদনকারীদের প্রাধান্য দেয় যারা ঐ স্কুলের চারিপাশের একটি সুনির্দিষ্ট এলাকায় বসবাস করে, যা সেটার জোন হিসেবে পরিচিত। অধিকাংশ এলেমেন্টারি ও মিডল্ স্কুল শিক্ষার্থীর জোন স্কুল আছে, কিছু কিছু হাই স্কুল শিক্ষার্থীদেরও আছে। যেসব শিক্ষার্থী তাদের অষ্টম গ্রেডে থাকাকালে হাই স্কুলে আবেদন করে এবং নবম গ্রেডের শিক্ষার্থী (নবম গ্রেডে দুই বছর থাকা শিক্ষার্থী ব্যতীত), তারা দশম গ্রেডে আসন আছে এমন প্রোগ্রামে সেখানে আবেদন করতে পারবে। ফ্যামিলি ওয়েলকাম সেন্টারগুলো প্রতিটি বরোতে অবস্থিত, যেখানে আবেদনসহ এনরোলমেন্ট ও ভর্তি বিষয়ে শিক্ষার্থী এবং পরিবারবর্গকে সহায়তা করার জন্য স্টাফ উপস্থিত থাকেন।

2018-2019 শিক্ষা বছর থেকে শুরু করে, চ্যান্সেলরের প্রবিধান A-101 অনুসারে, যেসব শিক্ষার্থীর প্রবেশযোগ্যতার প্রমাণিত চাহিদা আছে, তাদেরকে তাদের অভিগম্যতার চাহিদা পূরণে সক্ষম বলে DOE কর্তৃক চিহ্নিত কোনো স্কুলে ভর্তির জন্য সর্বাগ্রে সুযোগ দেয়া হবে। স্কুলে ভর্তি প্রসঙ্গে সীমিত চলাচলক্ষম শিক্ষার্থী হলো সে, যে চলাচলে সহায়ক যন্ত্র বা সরঞ্জাম- যেমন হুইলচেয়ার, ওয়াকার, ক্রাচ, বা ছড়ি ব্যবহার করে- স্কুলের পরিবেশের সাথে সমন্বয়বিধানের জন্য, কিংবা কোনো শিক্ষার্থী যে স্কুলের পরিবেশের সাথে কষ্টের সাথে মানিয়ে চলে, হতে পারে সেটা তার পেশীগত দুর্বলতা, বা সহ্যক্ষমতার অভাবে, কিংবা অন্য কোন কারণে। প্রবেশ্য স্কুল ও প্রোগ্রামসমূহে ভর্তির জন্য:

- 3-K, প্রি-কিন্ডারগার্টেন, এবং কিন্ডারগার্টেন: প্রবেশ্যতার চাহিদাযুক্ত শিক্ষার্থীরা তাদের ভর্তির অগ্রাধিকার গ্রুপে অগ্রবিবেচ্য। উদাহরণস্বরূপ, প্রবেশ্যতার চাহিদাযুক্ত কোনো শিক্ষার্থী তার জোন স্কুলে জোন-এর অন্যান্য শিক্ষার্থীদের আগে একটি ভর্তির অফার পাবে।
- মিডল্ স্কুল ও হাই স্কুল: যেসব প্রবেশ্যতার চাহিদাযুক্ত শিক্ষার্থীরা সে স্কুলে আবেদনকারী অন্যান্যদের উপরে ভর্তিতে অগ্রাধিকার পাবে। যদি সে স্কুল বা প্রোগ্রাম একটি বাছাইকারী প্রোগ্রাম হয়, তাহলে প্রবেশ্যতার চাহিদাযুক্ত শিক্ষার্থীকে অবশ্যই বাছাইয়ের মানদণ্ড পূরণ করতে হবে।

পরিবারসমূহকে আগ্রহের প্রোগ্রাম ও স্কুলগুলো পর্যালোচনা করার সুযোগ দিতে NYCPS ডিরেক্টরিতে প্রতিটি ভর্তি প্রক্রিয়া, পাশাপাশি অলাইন স্কুল ফাউন্ডার (স্কুল সন্ধান) ও আবেদনের প্রক্রিয়া, মাইস্কুলস্ ইত্যাদির তথ্য প্রদান করে। এছাড়াও NYCPS যেসব পরিবারের শিক্ষার্থীর প্রবেশ্যতার চাহিদা থাকতে পারে, তাদের সাথে যোগাযোগ করে যাতে নিশ্চিত করা যায় যে শিক্ষার্থীর সর্বোচ্চ অগ্রাধিকার প্রদানের জন্য তাদের যেনো সুযোগ থাকে সেসব প্রোগ্রামকে আবেদনে তালিকাভুক্ত করার যেগুলো তার অভিগম্যতার চাহিদা পূরণ করে।

ভর্তির আবেদনপত্র জমাদানের সময় পরিবারসমূহের কাছে জানতে চাওয়া হয় তাদের সন্তানের দাঁড়াতে, হাঁটতে, কিংবা সিঁড়ি ব্যবহার করতে, এবং/অথবা প্রমাণিত কোনো প্রতিবন্ধিতার কারণে প্রবেশযোগ্য বাথরুম ব্যবহার করতে হয় কি না। OSE এবং SEO একযোগে কাজ করে যাতে শিক্ষার্থীর ইন্ডিভিজুয়ালাইজড্ এডুকেশন প্ল্যান (ব্যক্তিক শিক্ষা পরিকল্পনা, IEP), শিক্ষার্থীর 504 প্ল্যান, বর্তমান স্কুল, পরিবার, যা যা প্রযোজ্য হয়, তার থেকে প্রবেশ্যতার চাহিদা নিশ্চিত করা যায়। প্রামাণ্য প্রবেশ্যতা চাহিদাযুক্ত শিক্ষার্থীদেরকে মানানসইপূর্ণ ভর্তি প্রক্রিয়ার পদক্ষেপের সাথে মিল করা হবে যাতে নিশ্চিত করা যায় যে তারা প্রারম্ভিকভাবে কোনো একটি প্রবেশ্য স্কুলের সাথে সঙ্গতিপূর্ণ হয়েছে।

## *II. যৌক্তিক বিশেষ সুবিধাসমূহ*

ভর্তিতে অগ্রাধিকারসমূহ ছাড়াও, প্রবেশ্যতার চাহিদাযুক্ত শিক্ষার্থীরা NYCPS-এর যুক্তিসঙ্গত বিশেষ সুবিধা ব্যবস্থার অনুরোধ জানাবার প্রক্রিয়া দ্বারাও সহায়তাপ্রাপ্ত যা শিক্ষার্থী ও তাদের পরিবারসমূহকে বিভিন্ন ধরনের চাহিদা মেটাতে বিশেষ সুবিধা ব্যবস্থাসমূহের অনুরোধ জানাবার সুযোগ দেয়। প্রোগ্রামেটিক অ্যাক্সেস (প্রোগ্রামসমর্থিত প্রবেশ্যতা)-এর জন্য যৌক্তিক বিশেষ সুবিধা প্রদান করা হতে পারে সেকশন 504 বা OAP অনুসারে।

প্রোগ্রাম ও কর্মকাণ্ডে সহপাঠীদের সাথে সমতাভিত্তিকভাবে অংশগ্রহণের জন্য ডাক্তারি চাহিদা পূরণ করতে বিশেষ ব্যবস্থার প্রয়োজনীতাযুক্ত সেসব যেসব শিক্ষার্থীর জন্য স্কুল-ভিত্তিক সেকশন 504 কোঅর্ডিনেটরগণ অফিস অভ স্কুল হেলথ্-এর পাশাপাশি কাজ করেন।

স্কুল ভবনের কাঠামোগত পরিবর্তন (যেমন সাময়িক হুইলচেয়ারের পথ) বা প্রোগ্রামভিত্তিক (যেমন কোনো ক্লাসরুম বা অনুষ্ঠানস্থল প্রথম তলায় স্থানান্তর, যন্ত্রপাতি কেনা বা কোনো শিক্ষার্থীর জন্য একজন সহায়তাদানকারীর ব্যবস্থা করা) পরিবর্তন করতে হয়, এমন বিশেষ ব্যবস্থার অনুরোধ OAP গ্রহণ করে ও প্রয়োজনীয় ব্যবস্থা নেয়।

যদি প্রবেশ্যতার চাহিদাযুক্ত কোনো শিক্ষার্থী এমন একটি স্কুলে ভর্তির সুযোগ পায় যেটি তার চাহিদা পূরণ করা যায় না, কিন্তু শিক্ষার্থীর পিতামাতা/অভিভাবক যদি বিশ্বাস করেন যে একটি যুক্তিসঙ্গত বিশেষ ব্যবস্থা গ্রহণ করলে শিক্ষার্থী সে স্কুলে যেতে সক্ষম হতো, তাহলে পিতামাতা/অভিভাবক OAP-এর কাছে একটি যুক্তিসঙ্গত বিশেষ ব্যবস্থার অনুরোধ জানাতে পারেন।

OAP-এর কাছে জমা দেওয়া অনুরোধ বিবেচিত হয় এবং অনুরোধকারীকে সে অনুরোধের জবাব দেওয়া হয় 15 দিনের মধ্যে। যদি অনুরোধ গৃহীত হয়, কিন্তু কোনো শিক্ষার্থীর জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করতে যদি দীর্ঘ সময় লাগে (যেমন কোনো নির্মাণ কাজ করা বা যন্ত্রপাতি কেনা লাগে), তাহলে সে শিক্ষার্থীকে তার প্রবেশ্যতার চাহিদা পূরণ করে, তার আবাসিক এলাকার নিকটবর্তী তেমন একটি স্কুলে সাময়িক ভর্তি বেছে নেওয়ার সুযোগ দেওয়া হবে।

যদি কোনো প্রত্যাশিত স্কুলে অনুরোধকৃত বিশেষ ব্যবস্থা গ্রহণ করা যাবেনা বলে সিদ্ধান্ত নেওয়া হয়, তাহলে শিক্ষার্থী OSE-এর মাধ্যমে স্বাস্থ্যগত কারণে একটি হালনাগাদকৃত ভর্তির অনুরোধ জানিয়ে ভিন্ন একটি স্কুলে সুযোগ পেতে। চ্যান্সেলরের প্রবিধান A-101-এ বদলি প্রক্রিয়া সম্পর্কে ব্যাখ্যা করা হয়েছে। (পরিশিষ্ট D চ্যান্সেলরের প্রবিধান A-101 দেখুন।)

2024-2025 শিক্ষা বছরে এটা প্রত্যাশিত যে, OAP একটি সুসামঞ্জস্যপূর্ণ ইলেক্ট্রনিক ওয়েবভিত্তিক জমাদান ফর্ম চালু করবে যা ব্যবহারকারীদের অভিজ্ঞতাকে সমৃদ্ধ করবে এবং যৌক্তিক বিশেষ সুবিধাসমূহের অনুরোধের খোঁজ রাখা ও ব্যবস্থা গ্রহণ করাকে সহজ করবে।

## *III. ডিস্ট্রিক্ট 75*

ডিস্ট্রিক্ট 75 একটি সিটিভিত্তিক ডিস্ট্রিক্ট যা প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী, যেমন অটিজম স্পেক্ট্রাম ডিজঅর্ডার (ASD), উল্লেখযোগ্য জ্ঞানগত বিলম্ব, আবেগগত প্রতিবন্ধিত্ব, ইন্দ্রিয়জাত বৈকল্য, এবং বহুবিধ প্রতিবন্ধকতাযুক্তদের একটি সুবিস্তৃত কাঠামোগত ব্যবস্থায় ও অবস্থানে অতি বিশেষায়িত শিক্ষানির্দেশনা সহায়তা প্রদান করে। এছাড়াও ডিস্ট্রিক্ট 75 হাসপাতাল ও গৃহশিক্ষানির্দেশনা পরিষেবার (হোম ইন্সট্রাকশন) মাধ্যমেও পরিষেবা প্রদান করে। ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রামে অংশগ্রহণকারী বহু শিক্ষার্থীর প্রবেশ্যতার চাহিদাও রয়েছে এবং তারা যাতে প্রোগ্রামে প্রবেশ্যতায় সক্ষমতাদানকারী উদ্দীষ্ট সহায়তা ও উপকরণ লাভ করে, সেটা নিশ্চিত করার জন্য NYCPS এসব প্রোগ্রামের ও শিক্ষার্থীদের সাথে নিবিড়ভাবে কাজ করে।

## 4) কার্যকর যোগাযোগ

শোনা, দেখা ও কথা বলায় প্রতিবন্ধিতাযুক্তদেরসহ প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিদের সাথে কার্যকর সংযোগের জন্য NYCPS প্রতিশ্রুতিবদ্ধ। NYCPS প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিদের ভাবের আদান-প্রদানের চাহিদা পূরণে সহায়তা দিতে নানা রকমের সহযোগিতা ও পরিষেবা প্রদান করে, যার অন্তর্ভুক্ত আছে ইংরেজি ও আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ-এ দোভাষী, ব্রেইল ও বৃহদাকৃতির ছাপানো উপকরণ ব্যবহার, এবং অ্যাসিস্‌টিভ টেকনোলজি (সহায়ক প্রযুক্তি, AT)।

NYCPS যেসব প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের পাঠ্যক্রমকে তাদের কাছে বোধগম্য করতে সহায়তা প্রয়োজন, তাদের ক্রিয়াশীলতায় সক্ষমতা বৃদ্ধির জন্য AT প্রদান করে। সেন্ট্রাল অ্যাসিস্টিভ টেকনোলোজি টিম শিক্ষার্থীদেরকে AT প্রদান করে যাতে তা শিক্ষক ও সহপাঠীদের সাথে যোগাযোগ, স্কুলওয়ার্ক সম্পন্ন, এবং স্কুলের প্রোগ্রাম ও কর্মকাণ্ড করায় সহায়তা করে। কোন ডিভাইস ও উপকরণ শিক্ষার্থীদের সেরা সহায়তা দেবে, সেটা AT-এর মূল্যায়ন নিশ্চিত করে। টিম-এর দৃষ্টিভঙ্গীর উপর ভিত্তি করে মূল্যায়ন পরিচালনা করা হয় এবং সম্ভাব্য ক্ষেত্রে এতে পরিবার ও শিক্ষার্থীর অভিমত অন্তর্ভুক্ত করা হয়। AT বিভিন্ন ডিভাইস নিয়ে তৈরি, যেমন স্ক্রিন রিডার, ফ্রিকোয়েন্সি মড্যুলেশন (FM) লিসেনিং সিস্টেম, টেক্সট টু স্পিচ সফটওয়্যার, বিবর্ধক ও বিকল্প যোগাযোগ, এবং স্ক্রিন বড় করার অ্যাপ্লিকেশন।

তদুপরি, OAP নীতি, নির্দেশনা, এবং প্রশিক্ষণ প্রোগ্রাম তৈরি করেছে যাতে NYCPS স্টাফদের মধ্যে প্রবেশ্যতা সচেতনতা বাড়ানো যায় এবং প্রতিবন্ধিতাযুক্তদের সাথে যোগাযোগের ক্ষেত্রে অন্তর্ভূক্তির চর্চাকে দৃঢ় করা যায়।

### *I. নীতি ও নির্দেশনা তৈরি*

নিজেদের লক্ষ্যের অংশ হিশেবে NYCPS জুড়ে প্রবেশ্যতাকে জোরদার করার জন্য NYCPS প্রোগ্রামস, পরিষেবা ও কর্মকাণ্ডসমূহ প্রবেশ্য, সেটা নিশ্চিত করার জন্য তথ্য, নীতি, এবং নির্দেশনা তৈরি ও প্রদানের জন্য OAP প্রতিনিধিদের সাথে নিবিড়ভাবে কাজ করে। এ ছাড়াও নিম্নলিখিত নীতি উদ্যোগ তৈরির জন্য OAP অন্যান্য NYCPS অফিসগুলোর সাথে সহযোগিতামূলকভাবে কাজ করেছে:

- কোনো বহুতল বিশিষ্ট স্কুল ভবনে উঠা-নামার ব্যবস্থায়, যেমন এলিভেটর বা এস্কেলেটর-এ সাময়িক বিঘ্ন দেখা দিলে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীরা যেন ন্যূন্যতম প্রতিবন্ধকতাসহ তাদের শিক্ষাগত কর্মসূচিতে প্রবেশ্যতা বজায় রাখতে পারছে, সেটা নিশ্চিত করতে প্রবেশ্যতার আপৎকালীন পরিকল্পনার নির্দেশনা স্কুল নেতৃত্বকে একটি পূর্ণ-নির্ধারিত কর্মপরিকল্পনা প্রদান করে।
- প্রবেশপথের প্রবেশ্যতা নির্দেশনা তৈরি করা হয়েছে অফিস অফিস অভ সেফটি অ্যান্ড প্রিভেনশন পার্টনারশিপস্‌-এর সাথে যুক্তভাবে যা NYCPS ভবনসমূহে প্রতিবন্ধিতাযুক্তদের প্রবেশের সেরা চর্চা ও যথাযথ নিয়মের নির্দেশনা নিশ্চিত করে।
- প্রবেশ্যতার বৈশিষ্ট্য সম্পর্কে পর্যাপ্ত তথ্য এবং কীভাবে যৌক্তিক বিশেষ ব্যবস্থাসমূহের অনুরোধ জানাতে হবে, সেটা উন্মুক্ত মিটিংসমূহের বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্তি নিশ্চিত করার জন্য প্রবেশ্য মিটিং (সভা) নির্দেশনা।

## *II. প্রশিক্ষণ*

প্রবেশ্যতার চাহিদাযুক্তদের পরিষেবা প্রদানকারী বর্ধিত সংখ্যক স্কুলকে সহায়তা প্রদানের জন্য OAP ডিস্ট্রিক্ট ও সেন্ট্রাল অফিস স্টাফদের প্রশিক্ষণ কোর্সের সুযোগ দেয়। অংশগ্রহণকারীদের প্রশিক্ষণ উপকরণ দেয়া হয় যাতে স্কুল পর্যায়ে সক্ষমতা বাড়ানো যায়। OAP-এর প্রশিক্ষণ কোর্সের লক্ষ্য হলো প্রতিবন্ধিতা ও প্রবেশ্যতার ব্যাপারে সচেতনতা সৃষ্টি করে এবং প্রতিবন্ধিতাযুক্তদের অন্তর্ভুক্তি প্রসার করা।

2015 সাল থেকে 13,000-এর বেশি NYCPS কর্মচারী প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন, তার মধ্যে আছেন প্রিন্সিপা, প্যারেন্ট কোঅর্ডিনেটর, স্পেশাল এডুকেশন লিয়াজোঁ, রিলেটেড সার্ভিস প্রদানকারী, ফ্যাসিলিটিজ স্টাফ, এবং বরো সাপোর্ট অফিসগুলোর ডিরেক্টর্স অভ অপারেশন্স। NYCPS জুড়ে প্রশিক্ষণের সুযোগ সম্প্রসারণের জন্য OAP 2020-2021 শিক্ষা বছর থেকে চলমান সশরীরে উপস্থিতিতে প্রশিক্ষণ ছাড়াও ভার্চুয়ালভাবে প্রশিক্ষণ দিয়ে আসছে।

পরবর্তী পাঁচ বছরব্যাপী OAP ডিস্ট্রিক্ট ও সেন্ট্রাল অফিসের স্টাফদের প্রবেশ্যতা বিষয়ক সমস্যা এবং NYCPS যেসব পরিষেবা প্রতিবন্ধিতাযুক্তদের সহায়তার জন্য দিতে পারে, সেসব সম্পর্কে প্রশিক্ষণ প্রস্তুত ও প্রদান করা অব্যাহত রাখবে।

### 5) কাজের স্থান অন্তর্ভুক্তি

সকল যোগ্য প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিদেরকে চাকরীতে সমান সুযোগ প্রদান করা হলো NYCPS-এর নীতি। কোনো প্রতিবন্ধিতাযুক্ত যোগ্য কর্মরত কিংবা সম্ভাব্য কর্মচারী (আবেদনকারী), তার বর্তমান দায়িত্ব সম্পাদনে সহায়তার জন্য বা আবেদন প্রক্রিয়ায় সহায়তা লাভের জন্য যুক্তিসঙ্গত বিশেষ সুবিধার অনুরোধ করতে পারেন।

কর্মচারিদের জন্য যুক্তিসঙ্গত বিশেষ ব্যবস্থা পরিচালনা করে অফিস অভ হিউম্যান রিসোর্সেস (DHR)-এর অধীনস্থ অফিস অভ ডিস্যাবিলিটি অ্যাকোমোডেশনস্ (ODA)।

স্কুল নয় এমন সকল NYCPS ভবন সকল বর্তমান চাকরিরত ও সম্ভাব্য কর্মচারীদের জন্য প্রবেশযোগ্য। OAP এবং তাদের অংশীদারদের সাথে ODA ও DHR সহযোগিতা করে যাতে নিশ্চিত করা যায় যে NYCPS-এর কর্মচারিগণ একটি প্রবেশ্য পরিবেশে কাজ করছেন এবং সেখানে একটি অন্তর্ভুক্তিমূলক ও নিরাপদ কাজের স্থান হিশেবে যৌক্তিক বিশেষ ব্যবস্থার সুযোগ দেওয়া হয়। যেসব স্কুল-ভিত্তিক কর্মচারির স্কুল ভবন পূর্ণ প্রবেশ্য নয়, তারা যৌক্তিক বিশেষ ব্যবস্থা সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য একটি ক্রিয়া-প্রতিক্রিয়ামূলক প্রক্রিয়ায় আমন্ত্রিত।

NYCPS কর্মীদের প্রথমে ক্রিয়া-প্রতিক্রিয়ামূলক প্রক্রিয়াটি শুরু করার জন্য তাদের সুপারভাইজারের সাথে যৌক্তিক বিশেষ ব্যবস্থার অনুরোধ নিয়ে আলোচনা করতে এবং একটি সহযোগিতামূলক সংলাপে নিয়োজিত হতে জোর উৎসাহ দেয়া হচ্ছে। যদি ঐ কর্মী সিদ্ধান্তে একমত না হন, অথবা সুপারভাইজারের মাধ্যমে অনুরোধ প্রেরণ করা সম্ভবপর না হয়, তবে ঐ কর্মী সেলফ্-সার্ভিস

অনলাইন লিভ অ্যাপ্লিকেশন সিস্টেম (SOLAS)-এর মাধ্যমে একটি আবেদন শুরু করতে পারেন। SOLAS-এ জমা দেয়া অনুরোধসমূহ NYCPS-এর HR কানেক্ট অফিস অভ মেডিক্যাল, লিভস্ অ্যান্ড রেকর্ডস্ এবং DOE-এর ODA পর্যালোচনা করবে।

কোনো একজন প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তি যিনি সম্ভাবনাময় যোগ্য কর্মী, তিনি প্রতিবন্ধিতাহীন আবেদনকারীদের মতো সমভাবে আবেদন প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য ইন্টারভিউ গ্রহণকারী দল অথবা ODA-এর সাথে যোগাযোগ করে যুক্তিসঙ্গত বিশেষ ব্যবস্থার অনুরোধ জানাতে পারেন।

## পদ্ধতি (মেথোডলজি)

বিভিন্ন সূত্র এবং পক্ষ থেকে প্রাপ্ত মতামতের ভিত্তিতে প্রাপ্ত চূড়ান্ত ফলাফল হলো এই প্রতিবেদন। প্রত্যাশা এবং আবশ্যিকতা নিয়ে MOPD-কে বিষয়বস্তু সম্পর্কে অভিজ্ঞ হিশেবে পুরো প্রক্রিয়া জুড়ে এর সাথে আলোচনা করা হয়েছে।

NYCPS-এর সাথে ক্রিয়াপ্রতিক্রিয়া আছে, এমন প্রতিবন্ধিতাযুক্তদের সহায়তার জন্য অভ্যন্তরিনভাবে, এজেন্সি জুড়ে বাস্তবায়িত নীতি ও চর্চাসমূহ সম্পর্কে অর্থপূর্ণ তথ্য সংগ্রহের জন্য, OAP যৌথভাবে আন্তঃবিভাগীয় অফিসগুলোর সাথে সহযোগিতামূলকভাবে কাজ করেছে। এই প্রক্রিয়াতে গঠনমূলক সংলাপ সংশ্লিষ্ট আছে যা সুযোগ দেয় সেসব ক্ষেত্রগুলোকে শনাক্ত করার, যার সমাধান এই পরিকল্পনা, পাশাপাশি ভবিষ্যত সংশোধনীতে করা উচিত।

জনসাধারণের মন্তব্য প্রদানের জন্য 28 ডিসেম্বর, 2023 সালে একটি প্রস্তাবিত পাঁচ বছরের প্রবেশ্যতা পরিকল্পনা বিতরণ করা এবং NYCPS ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছিল। তদুপরি, নিউ ইয়র্ক সিটি এজেন্সি অ্যাক্সেসিবিলিটি প্ল্যান-এর ওয়েবসাইটে MOPD প্রস্তাবিত পরিকল্পনা ও মন্তব্য প্রদানের সুযোগের বিজ্ঞপ্তি পোস্ট করেছিল এবং জানুয়ারির শুরুতে সাইটটি তাদের ইমেইল তালিকার মাধ্যমে, সোশ্যাল মিডিয়া চ্যানেলে এবং তার ত্রৈমাসিক কমিউনিটি মিটিং-এ বিতরণ করা হয়েছিল। 16 ফেব্রুয়ারি, 2024 সালে সমাপ্ত হওয়া জনসাধারণের মন্তব্য জমাদানের শেষ সময়ের মধ্যে বহুসংখ্যক মন্তব্য পাওয়া গিয়েছে এবং পর্যালোচনা করা হয়েছে।

## পরিশিষ্ট A

চ্যান্সেলরের প্রবিধান A-830:

### সারসংক্ষেপ

এই প্রবিধান NYCPS-এর বৈষম্য-বিরোধী নীতির প্রতিষ্ঠা করে। এটি কর্মচারী, চাকরির আবেদনকারী, শিক্ষার্থীর পিতামাতা, শিক্ষার্থী এবং অন্যান্য যারা NYCPS-এর সঙ্গে ব্যবসা করেন, NYCPS-এর কর্মী অথবা শিক্ষার্থীর সাথে কাজ করেন, NYCPS-এর ফ্যাসিলিটি ব্যবহার করেন অথবা অন্য কোনোভাবে NYCPS-এর সঙ্গে সম্পৃক্ত, তারা NYCPS-এর কর্মী অথবা NYCPS-তে চাকুরিরত নয় কিন্তু একটি সংরক্ষিত শ্রেণির ভিত্তিতে NYCPS-এর কর্মচারী অথবা শিক্ষার্থীর সাথে কাজ করেন, এমন ব্যক্তির দ্বারা বেআইনি বৈষম্যের বিরুদ্ধের অভিযোগ দায়ের করতে চান, তাদের জন্য একটি অভ্যন্তরীণ পর্যালোচনা প্রক্রিয়াও প্রতিষ্ঠা করে, এর অন্তর্ভুক্ত যৌন হয়রানী, অথবা এমন ধরনের অভিযোগের ভিত্তিতে প্রতিশোধ গ্রহণ।

চ্যান্সেলরের প্রবিধান A-830-এর পূর্ণ বিবরণ পাওয়া যাবে NYCPS ওয়েবসাইটে।

## পরিশিষ্ট B

ওয়েবসাইট-এর প্রবেশ্যতা সম্পর্কিত বিবৃতি

NYCPS-এর ডিজিটাল উপকরণ যেন প্রতিবন্ধিতাযুক্তদের জন্য প্রবেশযোগ্য ও ব্যবহারযোগ্য, নিশ্চিত করার জন্য তারা প্রতিশ্রুতিবদ্ধ। আমরা সবার জন্য ব্যবহারকারী অভিজ্ঞতা অব্যাহতভাবে উন্নত করছি এবং প্রাসঙ্গিক প্রবেশ্যতার মান প্রয়োগ করছি।

### মান্যতার অবস্থান

WCAG প্রতিবন্ধিতাযুক্তদের জন্য প্রবেশ্যতার উন্নতিবিধানের জন্য ডিজাইন প্রস্তুতকারক ও ডেভেলপারদের শর্তসমূহকে সংজ্ঞায়িত করে। এটি তিনটি মান্যতার স্তর সংজ্ঞায়িত করে: স্তর A, স্তর AA, এবং স্তর AAA আমাদের ডিজিটাল উপকরণ WCAG 2.1 স্তর AA-এর সাথে উল্লেখযোগ্যভাবে মান্যতাযুক্ত।

### মতামত

আমাদের ডিজিটাল উপকরণে প্রবেশ্যতা সম্পর্কে মতামত জানাতে আপনাকে স্বাগত জানাই। আপনি যদি প্রবেশ্যতা সম্পর্কে সমস্যার মুখোমুখী হন, তাহলে অনুগ্রহ করে **Website Accessibility Feedback Form** আমাদেরকে জানাবেন।

কোনো নির্দিষ্ট প্রোগ্রাম ও সার্ভিসে প্রবেশ্যতা পেতে অনুগ্রহ করে DigitalAccessibility@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

### মূল্যায়নের পদ্ধতি

NYCPS এর ডিজিটাল উপকরণে প্রবেশ্যতা মূল্যায়ন করে আত্ম-মূল্যায়নের মাধ্যমে।

NYCPS ওয়েবসাইটের প্রবেশ্যতা বিষয়ক বিবৃতি NYCPS ওয়েবসাইটে পাওয়া যাবে।

## পরিশিষ্ট C

চ্যান্সেলরের প্রবিধান A-710:

### সারসংক্ষেপ

1973 (29 U.S.C. § 794, 34 C.F.R. § 104)-এর পুনর্বাসন আইনের সেকশন 504-এ সংজ্ঞায়িত প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী যোগ্যতায় যেসব শিক্ষার্থী NYCPS স্কুল এবং প্রোগ্রামে অংশগ্রহণ করছে এবং NYCPS প্রোগ্রাম এবং কর্মকাণ্ডে অংশ নিতে যাদের বিশেষ সুবিধা প্রয়োজন আছে তাদের জন্য এই প্রবিধান NYCPS-এর নীতি এবং প্রক্রিয়ার বিবরণ দেয়।

চ্যান্সেলরের প্রবিধান A-710-এর পূর্ণ বিবরণ পাওয়া যাবে NYCPS ওয়েবসাইটে।

## পরিশিষ্ট D

চ্যান্সেলরের প্রবিধান A-101:

### সারসংক্ষেপ

এই প্রবিধান নিউ ইয়র্ক সিটি স্কুল ডিস্ট্রিক্ট 132 ও ডিস্ট্রিক্ট 75 স্পেশালাইজড্ স্কুল ও প্রোগ্রাম, উভয় স্কুল ডিস্ট্রিক্ট-এর শিক্ষার্থীদের ভর্তি, অব্যাহতি, এবং বদলির নিয়ম প্রতিষ্ঠা করে।

চ্যান্সেলরের প্রবিধান A-101-এর পূর্ণ বিবরণ পাওয়া যাবে NYCPS ওয়েবসাইটে।